ভোরের কাগজ

JUL 02 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩১ ... কলাম ... ...

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# সিনেটের বাজেট বৈঠকে ভিসি-প্রোভিসির টাগ অফ ওয়ার

চট্টগ্রাম অফিস : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিনেট মিটিঙে বাজেট সম্পর্কিত আলোচনায় গত রোববার ভিসি ও প্রোভিসির মধ্যে প্রচণ্ড বাকবিতণ্ডা ও প্রোভিসির উদ্ধত আচরণে সবাই হতবাক হয়ে পড়েন। প্রোভিসি এক পর্যায়ে মাইকও কেড়ে নিয়েছেন যা সিনেট সদস্যদেরকে হতচকিত করে দেয়।

জানা যায়, রোববার বিশ্ববিদ্যালয়ের বাজেট সম্পর্কিত সিনেট মিটিঙে রেজিস্ট্রার বৈঠকের শুরুতে প্রোভিসি ড. মাহমুদ শামসুদ্দিনকে সম্বোধন না করায় তিনি ক্ষিপ্ত হয়ে ওঠেন। বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতা ড. মোহিত-উল আলম বক্তৃতা দেওয়ার সময়েই প্রোভিসি উচ্চৈঃস্বরে চিৎকার করতে থাকেন। এর পর পরই ভিসি অধ্যাপক এ জে এম নুরুদ্দিন চৌধুরী মাইকে কিছু বলতে চান। তিনি বলতে গেলেই প্রোভিসি ড. মোহাম্মদ শামসুদ্দিন মাইক্রোফোন কেড়ে নিয়ে রীতিমতো অশোভন আচরণ শুরু করে দেন। বেশ কিছুক্ষণ তিনি মাইক্রোফোন কেড়ে নিয়ে উদ্ধতভাবে তার বক্তব্য দিতে থাকেন। সিনেটের অন্য সদস্যরা তাকে শান্ত করার চেষ্টা করেন। এ সময় সিনেট অধিবেশন প্রায় ২০/২৫ মিনিট ব্যাহত হয়।

পরে অবশ্য যথানিয়মে সিনেটের অধিবেশন অনুষ্ঠিত হয়। নাম প্রকাশে অনিচ্ছুক ঐ অধিবেশনে উপস্থিত ছিলেন এমন একজন শিক্ষক ঘটনার সত্যতা স্বীকার করে বলেছেন, বিষয়টি পুরোপুরি অনাকাঙ্ক্ষিত ছিল। এ ধরনের আচরণ অন্তত শিক্ষকদের কাছ থেকে কেউ আশা করে না।

প্রসঙ্গত, জামাত-বিএনপির নেতৃত্বাধীন জোট সরকার ক্ষমতায় আসার পরই চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি ও প্রোভিসি পদে তাদের অনুসারী শিক্ষকদের নিয়োগ দেওয়া হয়। কিন্তু ভিসি ও প্রোভিসির মধ্যে ক্ষমতার দ্বন্দ্ব নিয়ে বেশ কিছুদিন ধরে 'টাগ অব ওয়ার' চলে আসছিল। রোববার প্রকাশ্যে প্রোভিসি তা প্রকাশ করে ফেলেছেন বলে বিশ্ববিদ্যালয় সূত্র জানিয়েছে।